

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।
web: gafargaon.mymensingh.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৫.৬১২২.০০৭.২৩.০৫২.২৩-৭৮৬

তারিখ : ১৯ আষাঢ় ১৪৩০
০৩ জুলাই ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। গফরগাঁও উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ০৩টি গ্রুপে (ক.প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব) এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী

১. ভিডিও প্রস্তুত করে ইমেইল/ পেন ড্রাইভ/ ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ- এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে। ড্রাইভে প্রেরণের ক্ষেত্রে ই-মেইল আইডি: unogafargaon@gmail.com, doictgaffargaon@gmail.com।
২. ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
৩. মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়ি ভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
৪. ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
৫. ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
৬. ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
৭. কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
৮. ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
৯. ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
১০. ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
১১. ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গফরগাঁও, ময়মনসিংহ এর সাথে যোগাযোগ করা যেতে পারে। মোবাইল নম্বর: ০১৬১১-৪৫৯০৬২

অনুরোধক্রমে



(মো: আবিদুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

গফরগাঁও, ময়মনসিংহ।

ফোন: ০২-৯৯৬৬৭৭০৪৮

ই-মেইল: unogaffargaon@mopa.gov.bd